



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫  
[www.naem.gov.bd](http://www.naem.gov.bd)



তারিখ: ১১.০৭.১৪২৯ ঃ  
২৬.১২.২০২২ খ্রি.

নং ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০২৬.২২/ ১৫৭৪

বিষয়: সরকারি ও বেসরকারি কলেজে কর্মরত ইংরেজি বিষয়ের প্রভাষকগণের জন্য ৫৯তম কমিউনিকেশন ইংলিশ কোর্স (ব্রেণ্ডেড পদ্ধতি)-এ মনোনয়ন

উপর্যুক্ত বিষয়ে তাঁকে জানানো যাচ্ছে যে, আগামী ১০-০১-২০২৩ থেকে ৩০-০১-২০২৩ খ্রিঃ (২৬ পৌষ থেকে ১৬ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ) তারিখ পর্যন্ত সরকারি ও বেসরকারি কলেজে কর্মরত ইংরেজি বিষয়ের প্রভাষকগণের জন্য ব্রেণ্ডেড পদ্ধতিতে ৫৯তম কমিউনিকেশন ইংলিশ কোর্স নায়েম-এ অনুষ্ঠিত হবে। কোর্সটি ব্রেণ্ডেড পদ্ধতিতে হওয়ায় ১০-০১-২০২৩ খ্রি. হতে ২১-০১-২০২৩ খ্রি. পর্যন্ত অনলাইনে এবং ২২-০১-২০২৩ খ্রি. হতে ৩০-০১-২০২৩ খ্রি. পর্যন্ত নায়েম ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর আওতাধীন জেলাসমূহের উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইংরেজি বিষয়ের ০৪(চার) জন প্রভাষক মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষার্থীগণের নাম, পদবী, প্রতিষ্ঠানের নাম, তাঁদের ব্যক্তিগত মোবাইল নম্বর এবং gmail আইডিসহ তালিকা Word format-এ আগামী ০৫ জানুয়ারি ২০২৩ তারিখ বৃহস্পতিবার এর মধ্যে কোর্স পরিচালক জনাব স্বপন কুমার সাহা, প্রশিক্ষণ বিশেষজ্ঞ (০১৬৭৩৯৯৭৬৫৩), e-mail: tsswapsaha.naem@gmail.com)-এ প্রেরণ করতে হবে। মনোনয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরিত পত্রে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই প্রতিপালন করতে হবে:

১. প্রশিক্ষার্থীগণ ০৭-০১-২০২৩ খ্রি. তারিখ রাত্রি ১০ ঘটিকার পূর্বে নায়েম ওয়েব সাইটে [www.naem.gov.bd](http://www.naem.gov.bd)-এর প্রশিক্ষণ সংক্রান্ত মেন্যুর< অনলাইন রেজিস্ট্রেশন থেকে ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদানের বিষয়টি নিশ্চিত করবেন।
২. বেসরকারি কলেজে কর্মরত প্রভাষকগণকে অবশ্যই এপিওভুক্ত ও ইনডেক্স নম্বর প্রাপ্ত হতে হবে।
৩. Zoom App-এর মাধ্যমে প্রশিক্ষণ কোর্সটি পরিচালিত হবে বিধায় প্রশিক্ষার্থীদের ল্যাপটপ থাকা আবশ্যিক এবং ল্যাপটপে Zoom App ইনস্টল করতে হবে। অধিবেশন চলাকালে সার্বক্ষণিক ভিডিও অন রাখা বাধ্যতামূলক। মোবাইলের মাধ্যমে সেশনে অংশগ্রহণের সুযোগ নেই।
৪. প্রশিক্ষার্থীগণ আগামী ১০ জানুয়ারি ২০২৩ খ্রি. তারিখ সকাল ০৯.৩০ মিনিটে Zoom App-এর মাধ্যমে উল্লিখিত কোর্সে সংযুক্ত হবেন। অধিবেশনে যুক্ত হওয়ার পূর্বে প্রত্যেক প্রশিক্ষার্থী মিটিং আইডি ও পাসওয়ার্ড প্রাপ্ত হবেন।
৫. মনোনীত প্রশিক্ষার্থীকে অনলাইন পর্ব শেষে ২২-০১-২০২৩ খ্রি. নায়েমে রিপোর্ট করতে হবে।
৬. প্রশিক্ষার্থীগণকে একাদশ-দ্বাদশ শ্রেণির English for Today, ব্যক্তিগত ল্যাপটপ, সর্বশেষ MPO-এর কপি (বেসরকারি প্রতিষ্ঠানের প্রভাষকের ক্ষেত্রে), পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, Education Institute Identification Number (EIIN) ও e-mail ID সঙ্গে আনতে হবে।
৭. আসন শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে।
৮. প্রশিক্ষার্থীগণকে বাওরা ও শিক্ষা সফরের খরচ সংকুলানের জন্য আনুমানিক জনপ্রতি ২০,০০০/- (বিশ হাজার টাকা) সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করতে হবে। সেজন্য, সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।
৯. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-১৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১. ২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক।
১০. আমন্ত্রণপত্রটি নায়েম-এর ওয়েবসাইটে ([www.naem.gov.bd](http://www.naem.gov.bd)) পাওয়া যাবে।
১১. এই কোর্স সংক্রান্ত কোনো বিষয় জানতে কোর্স সমন্বয়ক জনাব মো: জাহাঙ্গীর কবীর, সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন) (০১৬৭৩২১২৯১৪) অথবা জনাব শামীম মাহবুব, প্রশিক্ষণ বিশেষজ্ঞ (০১৭৯০-২৪৮৯৯০)-এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
১২. যিনি এই কোর্সে অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন না:  
(ক) পূর্বে নায়েম পরিচালিত অনুরূপ প্রশিক্ষণ কোর্সে যিনি অংশগ্রহণ করেছেন, (খ) যাদের বয়স ৫৭ অতিক্রম করেছে ও (গ) যিনি বিগত এক বছরের মধ্যে নায়েম পরিচালিত (FTC, ERM ব্যতিত) অন্য কোনো প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন।

প্রাপক:

পরিচালক

অমন্ত্রন অঞ্চল

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

নং ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০২৬.২২/ ১৫৭৪ (২৩)  
দয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
- ২-৫. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
- ৬-৮. উপপরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ প্রশাসন ও অর্থ), নায়েম, ঢাকা;
৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;
১০. প্রোগ্রামার, নায়েম (তাঁকে আমন্ত্রণ পত্র এবং তালিকা নায়েম ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো);
১১. তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
১২. সকল হোস্টেল সুপারিনটেনডেন্ট, নায়েম, ঢাকা;
১৩. অফিস নথি।

(প্রফেসর ড. তাহসিনা আক্তার)  
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম

তারিখ: ১১.০৭.১৪২৯ ঃ  
২৬.১২.২০২২ খ্রি.

স্বপন কুমার সাহা  
প্রশিক্ষণ বিশেষজ্ঞ

ও  
কোর্স পরিচালক

৫৯তম কমিউনিকেশন ইংলিশ কোর্স (ব্রেণ্ডেড)